



প্রাথমিক তথ্য

শিশুদের ডেন্টাল কভারেজ নিয়ে

সাপ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা
আপনার প্রাপ্য।

NY State of Health হলো
নিউ ইয়র্ক এর অফিসিয়াল
হেল্থ প্ল্যান মার্কেটপ্লেস।

আজই নাম নথিভুক্ত করুন।



অনলাইনে

nystateofhealth.ny.gov



ফোনের মাধ্যমে

1-855-355-5777 নম্বরে

TTY

1-800-662-1220



[info.nystateofhealth.
ny.gov/findassistor](http://info.nystateofhealth.ny.gov/findassistor) -

এ ব্যক্তিগত সাহায্যকারীর সঙ্গে
দেখা করুন

NY State of Health প্রযোজ্য ফেডেরাল নাগরিক অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয় মূল, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/পারিবারিক অবস্থা, গ্রেপ্তারির রেকর্ড, অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়া, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখ, পূর্বনির্ধারিত জিনগত বৈশিষ্ট্য, মিলিটারি অবস্থা, গার্হস্থ্য সহিংসতার শিকার এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে কোনো বৈষম্য করে না।

আপনার সন্তানের হাসি আপনার প্রতিটি দিন
আরো উজ্জ্বল করে তোলে। সেই হাসির যত্ন নিলে
তা ভবিষ্যতকে আরো সুস্থ করে তুলবে।
তবে কোনো পেডিয়াট্রিক ডেন্টাল প্লানে নাম
নথিভুক্ত করার আগে আপনাকে কিছু বিষয়
বিবেচনা করতে হবে।

1 আমি কিভাবে পেডিয়াট্রিক ডেন্টাল সুবিধা পাবো?

- সবারই শিশুদের দন্ত বিষয়ক (পেডিয়াট্রিক ডেন্টাল) সুবিধা পাওয়ার অধিকার আছে, তা হয় কোয়ালিফায়েড হেল্থ প্ল্যান (Qualified Health Plan, QHP) মাধ্যম অথবা কোনো স্বতন্ত্রভাবে কার্যকর পেডিয়াট্রিক ডেন্টাল প্ল্যান এর মাধ্যমে।¹
- পরিবারে থাকা প্রাপ্তবয়স্ক এবং শিশু উভয়েরই কভারেজের প্রয়োজন হলে, আপনার কাছে একটি পারিবারিক ডেন্টাল প্ল্যান নেওয়ার বিকল্প আছে, তা হয় QHP এর অংশ হিসাবে অথবা স্বতন্ত্রভাবে কার্যকর পারিবারিক ডেন্টাল প্ল্যান হিসাবে হতে পারে।²

2 পেডিয়াট্রিক ডেন্টাল কভারেজের খরচ কত?

- মাসিক প্রিমিয়ামের সঙ্গে অতিরিক্ত, পেডিয়াট্রিক ডেন্টাল প্ল্যানগুলিতে একটি বার্ষিক অর্থমূল্য বাদ দেওয়া হতে পারে, যে অর্থ প্রতিষেধকমূলক সুবিধার আওতাভুক্ত নয় এমন পরিষেবাদি আপনার প্ল্যানটি কভার করার আগে আপনাকে পরিশোধ করতে হবে। প্ল্যান অনুযায়ী অর্থমূল্য বাদের পরিমাণ বদলায়।
- একটি পেডিয়াট্রিক ডেন্টাল প্লানে আওতাভুক্ত পরিষেবাদের জন্য কো-পেমেন্ট অথবা কো-ইন্সুরেন্স থাকতে পারে।
- সমস্ত পেডিয়াট্রিক ডেন্টাল প্ল্যানগুলিতে প্রতি শিশু পিছু সর্বাধিক অপরিশোধযোগ্য খরচের সীমা \$350 এবং প্রতি পরিবার পিছু \$700 থাকে। এটি হলো সর্বাধিক অর্থ যা কোনো প্রদত্ত কভারেজ বছরে আপনাকে পরিশোধ করতে হবে।

¹ পেডিয়াট্রিক ডেন্টাল প্ল্যানগুলি কাউন্টি অনুযায়ী পরিবর্তিত হয়।

² পারিবারিক ডেন্টাল সুবিধার উপর আরো তথ্যের জন্য NY State of Health পারিবারিক ডেন্টাল কভারেজের তথ্য পত্র (Family Dental Coverage Fact Sheet) দেখুন।

ডেন্টাল কভারেজ নিয়ে

3 একটি পেডিয়াট্রিক ডেন্টাল প্লানে কোন পরিষেবাগুলি আওতাভুক্ত থাকে?

- পেডিয়াট্রিক সুবিধাদিতে চারটি প্রধান শ্রেণী থাকে: প্রতিবেধকমূলক/প্রাথমিক, নিয়মিত, গুরুতর এবং চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় অর্থোডেন্টিয়া।
- আপৎকালীন অবস্থার দাঁতের পরিচর্যাও পেডিয়াট্রিক ডেন্টাল প্লানগুলিতে আওতাভুক্ত থাকে।

পরিষেবার বিভাগ	পরিষেবার উদাহরণ
প্রতিবেধকমূলক/প্রাথমিক	চেক-আপ, পরিষ্কার, ফ্লোরাইড এবং সিলেন্টস
নিয়মিত	পরীক্ষা, এক্স-রে, সহজ ফাইলিং এবং দাঁত তোলা
গুরুতর	মুখে সার্জারি, ক্রাউন, নকল দাঁত, ব্রিজ এবং রুট ক্যানেল
অর্থোডেন্টিয়া	দাঁত সোজা রাখতে ব্রেস

- প্লান অনুযায়ী এই দন্ত পরিষেবাদের সঙ্গে সংশ্লিষ্ট অপরিশোধযোগ্য খরচে তাৎপর্যপূর্ণভাবে পার্থক্য হতে পারে।
- শিশুদের জন্য দন্ত পরিষেবাদি অথবা পেডিয়াট্রিক সুবিধার জন্য পর্যায়কালগুলিতে অপেক্ষার সময় কোনো বেনিফিট ক্যাপ নেই।

4 আপনার সন্তানের জন্য কোন পেডিয়াট্রিক ডেন্টাল প্লানটি সঠিক তা আমি কিভাবে জানবো?

- NYSOH ডেন্টাল প্লান কমপ্যারিসন টুল (Dental Plan Comparison Tool) বিভিন্ন পেডিয়াট্রিক ডেন্টাল প্লানের খরচ এবং সুবিধাগুলি তুলনা করে দেখার সুযোগ করে দেয়।³ এই টুলটি মার্কেটপ্লেসের ওয়েবসাইট <https://info.nystateofhealth.ny.gov/resource/dental-plan-comparison-tool>-তে পাওয়া যাবে।
- এছাড়াও মার্কেটপ্লেসের ওয়েবসাইটটিতে একটি NYS পরিষেবা প্রদানকারী এবং হেল্থ প্লান অনুসন্ধানকারী টুল (NYS Provider & Health Plan Look Up Tool) আছে, যা আপনাকে প্রত্যেকটি প্লানে অংশগ্রহণকারী দন্ত পরিষেবা প্রদানকারীদের একটি তালিকা দেখায়। এটি <https://pndslookup.health.ny.gov/>-তে পাওয়া যাবে:

³ ডেন্টাল প্লানগুলি অনুসন্ধান করার সময়, আপনি যে শিশুদের সুবিধার তথ্যই দেখছেন, প্রাপ্তবয়স্কের সুবিধার তথ্য সমন্বিত কোনো পারিবারিক ডেন্টাল প্লান নয় তা নিশ্চিতভাবে দেখে নিন।

Si usted habla un idioma diferente al inglés, los servicios de asistencia de idioma están disponibles gratis para usted. Llame al 1-855-355-5777 (TTY: 1-800-662-1220).

如果您使用的語言不是英語，您可以使用我們的免費語言支援服務。請致電 1-855-355-5777 (TTY: 1-800-662-1220)